০৬

# প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৫

সেট : ০১
তারিখ : ৩০.১০.২০১৫
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

**যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল**

রাজশাহী, বগুড়া, পাবনা, নওগাঁ, ময়মনসিংহ, সিরাজগঞ্জ, যশোর, বরিশাল, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ঢাকা, রংপুর, কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

**০১. বারাক ওবামা যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট?**
ক. ৪৪ খ. ৪৫
গ. ৪২ ঘ. ৪৩
উত্তর ক

**০২. 'সে এমনভাবে কথা বলে মনে হয় সব জানে' বাক্যটির সঠিক ইংরেজি কোনটি?**
ক. He talks after knowing everything
খ. He talks like he knowing everything
গ. He talks knowing everything
ঘ. He talks as if he knew everything
উত্তর ঘ ব্যাখ্যা As if এর পূর্বে Present Indefinite থাকলে As if এর পরে Past Indefinite tense হয়।

**০৩. 'অর্ঘ্য' শব্দের অর্থ কি?**
ক. পূজার উপকরণ খ. পূজার বাদ্য
গ. পূজার মণ্ডপ ঘ. পূজার আধার
উত্তর ক


**০৪. ৬৫ ডিগ্রি পূরক কোণের পরিমাণ কত?**
ক. ১৩৫ ডিগ্রি খ. ১২৫ ডিগ্রি
গ. ২৫ ডিগ্রি ঘ. ৩৫ ডিগ্রি
উত্তর গ

**০৫. FIFA প্রতিষ্ঠিত হয় কবে?**
ক. ১৯০৫ খ. ১৯০৪
গ. ১৯২৪ ঘ. ১৯১৪
উত্তর খ ব্যাখ্যা ফুটবল খেলার জন্ম চীনে। FIFA এর পূর্ণরূপ Federation of International Football Association. FIFA প্রতিষ্ঠিত হয় ২১ মে ১৯০৪ সালে ফ্রান্সের প্যারিসে। প্রতিষ্ঠাতা সদস্য দেশ ৭ টি। বেলজিয়াম, ডেনমার্ক, ফ্রান্স, নেদারল্যান্ডস, স্পেন, সুইডেন ও সুইজারল্যান্ড। বর্তমান সদস্য সংখ্যা ২১১ টি। FIFA সদর দপ্তর সুইজারল্যান্ডের জুরিখে। বাংলাদেশ FIFA'র সদস্য পদ লাভ করে ১ জানুয়ারি ১৯৭৬ সালে।

**০৬. Fill in the blank : Between —— this is the greatest book I've ever read.**
ক. you and I খ. you and me
গ. I and you ঘ. you're and I'm
উত্তর খ ব্যাখ্যা Between এর পরে pronoun এর objective form ব্যবহৃত হয়।

**০৭. 'জীবনতরী' কি?**
ক. কাব্যগ্রন্থ খ. ভাসমান হাসপাতাল
গ. সিনেমা ঘ. সংগঠন
উত্তর খ ব্যাখ্যা 'জীবনতরী' দরিদ্র মানুষের জন্য ভাসমান হাসপাতাল। ১০ এপ্রিল ১৯৯৯ সালে মুন্সিগঞ্জের মাওয়া থেকে এই ভাসমান হাসপাতালের যাত্রা শুরু হয়। ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ নামের একটি সামাজিক সংস্থা এই প্রকল্পটি চালু করেছে। এটি ব্রিটেনের একটি সাহায্যকারী সংস্থার শাখা, যারা উন্নয়নশীল দেশ সমূহে বিকলাঙ্গ রোগীদের চিকিৎসা সহায়তা দিয়ে থাকে।

**০৮. বৃত্তের যে কোনো দুটি বিন্দুর সংযোজক রেখাংশ বৃত্তের একটি–**
ক. জ্যা খ. চাপ
গ. ব্যাসার্ধ ঘ. ব্যাস
উত্তর ক ব্যাখ্যা বৃত্তের যে কোনো দুই বিন্দুর সংযোজক রেখাংশকে জ্যা বলে।




উক্ত বৃত্তে AB একটি জ্যা।

**০৯. প্রাণী জগতের উৎপত্তি ও বংশ সম্বন্ধীয় বিদ্যাকে বলে–**
ক. জেনেটিক্স খ. জুওলজি
গ. বায়োলজি ঘ. ইভোলিউশন
উত্তর ক ব্যাখ্যা জীববিজ্ঞানের যে শাখায় জীবের বংশানুক্রমিক গুণাবলির উৎপত্তি, প্রকৃতি, বৃদ্ধির সময় ও আচরণ সম্পর্কে আলোচনা হয়, তাকে বংশগতিবিদ্যা বা জেনেটিক্স বলে। গ্রেগর জোহান মেন্ডেল বংশগতিবিদ্যার জনক।

**১০. The word 'reproduction' is–**
ক. an adjective খ. a verb
গ. an adverb ঘ. a noun
উত্তর ঘ ব্যাখ্যা Reproduction শব্দটি noun-এর অর্থ পুনরুৎপাদন।

**১১. 'গম্ভীর ধ্বনি'-এর বাক্যসংকোচন করুন।**
ক. মন্দ্র খ. মর্মন্তুদ
গ. মধুপ ঘ. মন্ত্র
উত্তর ক ব্যাখ্যা মর্মন্তুদ = হৃদয়বিদারক ঘটনা। মধুপ = মধু আহরণকারী বা ভ্রমর। মন্ত্র = হিন্দু বিশ্বাসে ত্রাণকারী শব্দ।

**১২. $F(x) = (x-1)^2$ হলে, $F(5)$ = কত?**
ক. 36 খ. 16
গ. 35 ঘ. 28
উত্তর খ

**১৩. ত্রিভুজের যে কোনো দুটি মধ্যমা পরস্পর সমান হলে ত্রিভুজটি–**
ক. সমকোণী ত্রিভুজ খ. বিষমবাহু ত্রিভুজ
গ. সমদ্বিবাহু ত্রিভুজ ঘ. সমবাহু ত্রিভুজ
উত্তর গ

**১৪. কোন গ্রহের তাপমাত্রা তুলনামূলকভাবে অধিক?**
ক. পৃথিবী খ. মঙ্গল
গ. বুধ ঘ. শুক্র
উত্তর ঘ ব্যাখ্যা শুক্র গ্রহের বায়ুমণ্ডলের সবটাই (৯৭ ভাগ) কার্বন-ডাই-অক্সাইড গ্যাস। ঘন কার্বন-ডাই-অক্সাইড এর স্তর ভেদ করে সূর্যের তাপ শুক্র পৃষ্ঠে পতিত হয় ঠিকই কিন্তু সেখান থেকে আর ফিরে আসতে পারে না। ফলে শুক্রের তাপমাত্রা হয়ে যায় ৮৭০° ফারেনহাইট পর্যন্ত। তাই শুক্রের তাপমাত্রা তুলনামূলক অধিক।

**১৫. বঙ্গবন্ধু শেখ মুজিব কর্তৃক ছয় দফা উত্থাপিত হয়–**

ক. রাওয়ালপিন্ডিতে খ. করাচিতে
গ. ঢাকায় ঘ. লাহোরে

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ছয়-দফাকে বলা হয় 'বাঙালির মুক্তির সনদ' বা 'ম্যাগনাকার্টা'। ৫ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে লাহোরে বিরোধী দল সমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্ধারণী কমিটিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয় দফা কর্মসূচী ঘোষণা করেন। ছয় দফার প্রথম দফা ছিলো প্রাদেশিক স্বায়ত্তশাসন। ছয় দফা দিবস পালিত হয় ৭ জুন।

**১৬. Choose the correct sentence–**

ক. Death is preferable than dishonour
খ. Death is more preferable than dishonour
গ. Deaht is more preferable then dishonour
ঘ. Death is preferable to dishonour

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Preferable এর পরে সর্বদা Preposition 'to' বসে।

**১৭. 'বাগধারা' কোথায় আলোচিত হয়?**

ক. শব্দতত্ত্বে খ. বাক্যতত্ত্বে
গ. ধ্বনিতত্ত্বে ঘ. রূপতত্ত্বে

উত্তর ✓ খ ব্যাখ্যা বাক্যের সঠিক গঠন প্রণালি, বিভিন্ন উপাদানের সংযোজন, বিয়োজন, এদের সার্থক ব্যবহারযোগ্যতা, বাক্যমধ্যে শব্দ বা পদের স্থান বা ক্রম, পদের রূপ পরিবর্তন ইত্যাদি বিষয় বাক্যতত্ত্বে আলোচিত হয়। বাক্যতত্ত্বকে পদক্রমও বলা হয়।

**১৮. He is a <u>better</u> worker than I.**

ক. Adverb খ. Verb
গ. Noun ঘ. Adjective

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Good-এর comparative degree হচ্ছে better।

**১৯. 'মহাপৃথিবী' কাব্যগ্রন্থ কার লেখা?**

ক. ফররুখ আহমদ খ. জীবনানন্দ দাশ
গ. গোলাম মোস্তফা ঘ. জসীমউদ্দীন

উত্তর ✓ খ ব্যাখ্যা জীবনানন্দ দাশের ৭টি কাব্যগ্রন্থ : ঝরা পালক, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, সাতটি তারার তিমির, রূপসী বাংলা, বেলা অবেলা কাল বেলা। 'কবিতার কথা' তার রচিত প্রবন্ধগ্রন্থ।

**২০. Which pair contains words opposed to each other?**

ক. false, Fake খ. honesty, sincerity
গ. innocence, experience ঘ. hope, dream

উত্তর ✓ গ ব্যাখ্যা Innocence অর্থ নির্দোষ অন্যদিকে Experience অর্থ অভিজ্ঞতা।

**২১. 'আরব বসন্ত' বলতে কি বুঝায়?**

ক. আরবীয় মহিলাদের ক্ষমতায়ন
খ. আরবের বিভিন্ন দেশে গণজাগরণ
গ. আরব অঞ্চলে বসন্তকাল
ঘ. আরব রাজতন্ত্র

উত্তর ✓ খ ব্যাখ্যা ২০১০ সালের ১৭ ডিসেম্বর থেকে আরব বিশ্বের বিভিন্ন দেশে যে গণজাগরণ সৃষ্টি হয় তাই আরব বসন্ত নামে পরিচিত। তিউনিসিয়া আরব বসন্তের সূতিকাগার হিসেবে খ্যাত। দেশটিতে Jasmine Revolution বা জুঁই বিপ্লব ঘটে ১৪ জানুয়ারি ২০১১ সালে।

**২২. 'প্রকৃতি' বলতে কী বুঝায়?**

ক. শব্দের মূল খ. শব্দ ও ধাতুর মূল
গ. ধাতুর মূল ঘ. প্রত্যয়যুক্ত শব্দ

উত্তর ✓ খ ব্যাখ্যা শব্দ ও ধাতুর বা পদের মূল অংশকে বলে প্রকৃতি। যেমন: চল্ + আ; এখানে 'চল্' হলো প্রকৃতি বা ধাতু। আর প্রত্যয় হলো 'আ'। প্রকৃতি বোঝানোর চিহ্ন -√।

**২৩. 'অক্টোপাস' উপন্যাসের লেখক কে?**

ক. বেগম সুফিয়া কামাল খ. শামসুর রাহমান
গ. আল মাহমুদ ঘ. আবুল হাসান

উত্তর ✓ খ ব্যাখ্যা শামসুর রাহমান মূলত কবি হলেও উপন্যাস রচনায় তাঁর অবদান অনস্বীকার্য। তাঁর উল্লেখযোগ্য উপন্যাস অক্টোপাস, অদ্ভুত আঁধার এক, এলো সে অবেলায়, নিয়ত মন্তাজ।

**২৪. Choose the correct sentence?**

ক. He was hunged for murder
খ. He has been hunging for murder
গ. He was hanged for murder
ঘ. He has been hunged for murder

উত্তর ✓ গ ব্যাখ্যা ফাঁসিতে ঝুলানো অর্থে hang এর Past participle form হবে hanged।

**২৫. He said, 'I have been working since sunrise,' Make it indirect speech.**

ক. He said that had been working since surnrise.
খ. He said that he has working for surnrise.
গ. He said that he has been working since surnrise.
ঘ. He said that he is working.

উত্তর ✓ ক ব্যাখ্যা Narration- এর ক্ষেত্রে Present Perfect continuous থাকলে Past perfect continuous tense হবে।

**২৬. The book 'Man and Superman' is written by–**

ক. Bernard Shaw খ. Monika Ali
গ. Lord Byron ঘ. Charles Dickens

উত্তর ✓ ক ব্যাখ্যা Man and Superman বিখ্যাত নাটকটি রচনা করেছেন Irish নাট্যকার G.B. Shaw।

**২৭. কবে থেকে দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়েছে?**

ক. ১ মার্চ ১৯৯৩ খ. ১ এপ্রিল ১৯৯৩
গ. ১ জানুয়ারি ১৯৯৩ ঘ. ১ ফেব্রুয়ারি ১৯৯৩

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশে প্রাথমিক শিক্ষা আইন জারি হয় ১৯৭৪ সালে। প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলককরণ) আইন পাশ হয় ১৯৯০ সালের ৬ ফেব্রুয়ারি। প্রাথমিকভাবে ৬৮ টি উপজেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় ১ জানুয়ারি ১৯৯২ সালে। সমগ্র বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় ১ জানুয়ারি ১৯৯৩ সালে।

**২৮. কোন বানানটি শুদ্ধ?**

ক. মন্ত্রিপরিসদ খ. মন্ত্রীপরিষদ
গ. মন্ত্রিপরিষদ ঘ. মন্ত্রিপরিশদ

উত্তর ✓ গ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান: মন্ত্রিপরিষদ, মাৎসর্য, স্নেচ্ছ, ম্রিয়মাণ, মুহূর্ত, মুমূর্ষু, মুহুর্মুহু, মুমুক্ষা, মুখাগ্নি, মার্জনা মার্জার।

**২৯. 'উচাটন'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

ক. উর্ধ্বটান খ. প্রশান্ত
গ. উঁচুনিচু ঘ. উত্তাপ

**৩০. স্ত্রী স্বামীর চেয়ে ৫ বছরের ছোট। স্ত্রীর বয়স ছেলের বয়সের ৪ গুণ। ৪ বছর পরে ছেলের বয়স হবে ১১। বর্তমানে স্বামীর বয়স কত?**

ক. ৪৫ খ. ৩৩
গ. ৫২ ঘ. ৪৮

উত্তর: খ ব্যাখ্যা: ছেলের বয়স x বছর
স্ত্রীর বয়স 8x বছর
স্বামীর বর্তমান বয়স = 8x+৫
৪ বছর পর ছেলের বয়স = (x+8)
শর্তমতে, x+8 = ১১
x = ১১-৪ = ৭ বছর
∴ স্বামীর বর্তমান বয়স = ৪×৭ + ৫ = ২৮+৫ = ৩৩ বছর।

**৩১. গুণহীনে ত্যাগ কর। -বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. কর্মে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৭মী

উত্তর: Blank ব্যাখ্যা: প্রশ্নে প্রদত্ত বাক্যে কোনো রেখা টানা নেই। 'গুণহীনের' নিচে রেখা থাকলে তা কর্মকারকে সপ্তমী বিভক্তি হবে।

**৩২. The right Bangla translation of "He came off with flying colours"?**

ক. তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন
খ. বিজয়ের গৌরব নিয়ে তিনি উড়ে এসেছিলেন
গ. তিনি রং ছিটাতে ছিটাতে এসেছিলেন
ঘ. তিনি উড়ন্ত রং নিয়ে এসেছিলেন

উত্তর: ক ব্যাখ্যা: Came off অর্থ সাফল্য লাভ করা।

**৩৩. 'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ কোনটি?**

ক. দ্বি + লোক খ. দ্বিঃ + লোক
গ. দুঃ + লোক ঘ. দিব্ + লোক

উত্তর: ঘ ব্যাখ্যা: দিব + লোক = দ্যুলোক (নিপাতনে সিদ্ধ সন্ধি)। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি হলো: গো + পদ = গোষ্পদ; পর + পর = পরস্পর; বৃহৎ + পতি = বৃহস্পতি; বন + পতি = বনস্পতি; আ + চর্য = আশ্চর্য।

**৩৪. Diamond cuts diamonds-এর অনুবাদ কোনটি?**

ক. সৎসঙ্গে স্বর্গবাস খ. সঙ্গ দেখে লোক চেনা যায়
গ. মানিকে মানিক চেনে ঘ. সঙ্গদোষে নষ্ট

উত্তর: গ ব্যাখ্যা: এটি একটি প্রবাদ বাক্য।

**৩৫. 'Proclaim' means :**

ক. declare খ. circulate
গ. announce ঘ. pronounce

উত্তর: ক ব্যাখ্যা: Proclaim অর্থ আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা।

**৩৬. $P^m$ বলতে কি বুঝায়?**

ক. p কে m এর সূচক খ. m কে p এর সূচক
গ. p, m এর লগ ঘ. p কে m এর ভিত্তি

উত্তর: খ ব্যাখ্যা: সূচক শব্দের অর্থ হলো power বা শক্তি। $p^m$ কে বলা হয় m কে p এর সূচক। p হলো এখানে (base) ভিত্তি।

**৩৭. কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান নয়?**

ক. বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন খ. পাবলিক সার্ভিস কমিশন
গ. রাষ্ট্রপতির কার্যালয় ঘ. নির্বাচন কমিশন

উত্তর: ক ব্যাখ্যা: সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো হচ্ছে-নির্বাচন কমিশন, পাবলিক সার্ভিস কমিশন, মহা হিসাব- নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, সংসদ সচিবালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়।
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান যা বিশ্ববিদ্যালয় সমূহকে নিয়ন্ত্রণ করে।

**৩৮. 'আফতাব' শব্দের সমার্থ কোনটি?**

ক. জলধি খ. অর্ণব
গ. অর্ক ঘ. রাতুল

উত্তর: গ ব্যাখ্যা: 'আফতাব' শব্দের সমার্থক শব্দ: অর্ক, সূর্য, ভাস্কর, রবি, সবিতা, আদিত্য, বিভাকর, দিনেশ, মিহির। 'জলধি' ও 'অর্ণব' শব্দ দুটো সাগরের সমার্থক শব্দ। আর রাতুল শব্দের অর্থ লাল।

**৩৯. Who is the author of 'India Wins freedom?'**

ক. Abul Kalam Azad খ. Moulana Akram Khan
গ. Mahatma Gandi ঘ. J.L. Nehru

উত্তর: ক ব্যাখ্যা: India Wins Freedom বিখ্যাত বইটির লেখক Abul Kalam Azad।

**৪০. DOT MATRIX is a kind of :**

ক. Software খ. Printer
গ. Scanner ঘ. Operating System

উত্তর: খ ব্যাখ্যা: printer এর সাহায্যে প্রাপ্ত ফলাফল কাগজে ছাপা হয়। এটি দু'ধরনের। ইমপেক্ট প্রিন্টার ও নন-ইমপেক্ট প্রিন্টার। DOT MATRIX এক ধরনের ইমপেক্ট প্রিন্টার যা প্রিন্টহেড কাগজ স্পর্শ করে প্রিন্ট করে।

**৪১. পরপর ২টি পূর্ণ সংখ্যা নির্ণয় করুন যাদের বর্গের পার্থক্য হবে ৫৩।**

ক. ২৭ এবং ২৮ খ. ২৬ এবং ২৭
গ. ২৮ এবং ২৯ ঘ. ২৫ এবং ২৬

উত্তর: খ ব্যাখ্যা: $a^2 - b^2$
= (a+b)(a–b)
=(২৭+২৬) (২৭-২৬)
= ৫৩×১
= ৫৩

**৪২. A person leaves his or her country to settle in another country–**

ক. Foreigner খ. Traveler
গ. Emigrant ঘ. Immigrant.

উত্তর: গ ব্যাখ্যা: যে ব্যক্তি নিজের দেশ ছেড়ে অন্য দেশে বসবাসের জন্য যায় তাকে Emigrant (দেশত্যাগকারী) বলে।

**৪৩. বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নাম–**

ক. বাংলাদেশ ব্যাংক খ. ডিএসই
গ. বিএসইসি ঘ. অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়

উত্তর: গ ব্যাখ্যা: BSEC এর পূর্ণরূপ Bangladesh Securities and Exchange Commission. BSEC প্রতিষ্ঠিত হয় ১৯৯৩ সালের ৮ জুন। এই প্রতিষ্ঠান বাংলাদেশের শেয়ার বাজার কার্যক্রম নিয়ন্ত্রণ করে।

**৪৪. অন্যের দোষ ধরা সহজ-এর ইংরেজি হলো–**

ক. It is easy to Find Fault with others
খ. It is easy to Find out Fault of others
গ. It is easy to Find Fault of others
ঘ. It is easy to Find out Fault of others

উত্তর: ক ব্যাখ্যা: To find fault with other - অন্যের দোষ ধরা।

**৪৫. ঈষৎ পাংশুবর্ণ-এর বাক্য সংকোচন–**

ক. পীত খ. কয়রা
গ. ধূসর ঘ. আরক্ত

উত্তর: গ ব্যাখ্যা: ঈষৎ পাণ্ডুবর্ণ = ধূসর ; ঈষৎ রক্তবর্ণ = আরক্ত; ঈষৎ হলুদ বর্ণ = পীত।

**৪৬. Fill in the blanks : Frustration results– violence.**
ক. in খ. at
গ. with ঘ. of

উত্তর: ক ব্যাখ্যা: Result in - পর্যবসিত হওয়া।

**৪৭. উপসর্গের কাজ কী?**
ক. নতুন শব্দ গঠন খ. ভাবের পার্থক্য নিরূপণ
গ. অর্থ পরিবর্তন ঘ. বর্ণ সংস্করণ

উত্তর: ক ব্যাখ্যা: উপসর্গের কাজ: নতুন শব্দ তৈরি করে; শব্দের অর্থের সংকোচন করে; শব্দের অর্থের সম্প্রসারণ করে; শব্দের অর্থের পরিবর্তন করে; শব্দের অর্থের পূর্ণতা সাধন করে ইত্যাদি। বাংলা ভাষার উপসর্গ মূলত ৩ প্রকার। যথা : (১) খাঁটি বাংলা উপসর্গ (২) তৎসম বা সংস্কৃত উপসর্গ (৩) বিদেশি উপসর্গ।

**৪৮. যদি কাচ পানি অপেক্ষা ৩.৫ গুণ বেশি ভারী হয়, তবে ৫০ ঘন সেন্টিমিটার কাচের ওজন কত?**
ক. ১০০ গ্রাম খ. ১৭৫ গ্রাম
গ. ৫০০ গ্রাম ঘ. ১০০০ গ্রাম

উত্তর: খ ব্যাখ্যা: ১ ঘন সেমি পানি = ১ গ্রাম
৫০ " " " ৫০×১ "

৫০ গ্রাম কাচের ওজন = ৫০×৩.৫ গ্রাম
= ১৭৫.০০ গ্রাম

**৪৯. ১৫ জনের কোন কাজের এক-তৃতীয়াংশ করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে?**
ক. ৪৫ খ. ২০
গ. ১৫ ঘ. ৩০

উত্তর: ক ব্যাখ্যা: $\frac{P_1D_1}{P_2D_2} = \frac{W_1}{W_2}$

$P_1$ = ১ম লোক = ১৫
$D_1$ = ১ম দিন = ২০
$P_2$ = ২য় লোক = ২০
$D_2$ = ২য় দিন?
$W_1$ = ১ম কাজের অংশ = $\frac{১}{৩}$
$W_2$ = ২য় কাজের অংশ = ১

$$\Rightarrow \frac{১৫\times২০}{২০\times D_2} = \frac{\frac{১}{৩}}{১}$$

$$\Rightarrow \frac{১৫\times২০}{২০\times D_2} = \frac{১}{৩}$$

$\Rightarrow D_2$ = ৪৫ দিন

**৫০. অমর্ত্য সেন কোন বিষয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পান?**
ক. বৈদেশিক সাহায্যে খ. উন্নয়নের গতি ধারা
গ. দুর্ভিক্ষ ও দারিদ্র্য ঘ. ক্ষুদ্র ঋণ

উত্তর: গ ব্যাখ্যা: তিনজন নোবেল বিজয়ী বাঙালীর একজন হচ্ছেন অমর্ত্য সেন। দুর্ভিক্ষ, মানব উন্নয়ন তত্ত্ব, জনকল্যাণ অর্থনীতি এবং উদারনৈতিক রাজনীতিতে অবদান রাখার জন্য ১৯৯৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন। অমর্ত্য সেন জাতিসংঘের 'মানব উন্নয়ন সূচক' ধারণার আবিষ্কার করেন।

**৫১. দ্বিতীয় বিশ্বযুদ্ধে পার্ল হারবার আক্রমণ করেছিল কোন দেশ?**
ক. রাশিয়া খ. ইতালি
গ. জার্মানি ঘ. জাপান

উত্তর: ঘ ব্যাখ্যা: পার্ল হারবার মার্কিন যুক্তরাষ্ট্রের হাওয়াই অঙ্গরাজ্যের একটি দ্বীপ। এখানে মার্কিন নৌ ও বিমান ঘাঁটি অবস্থিত। দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন ১৯৪১ সালের ৭ ডিসেম্বর জাপান পার্ল হারবার আক্রমণ করে। এর ফলে ৮ ডিসেম্বর ১৯৪১ সালে মার্কিন যুক্তরাষ্ট্র সরাসরি দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করে।

**৫২. এক স্কুলে ড্রিল করার সময় ছাত্রদের ৮, ১০ বা ১৫ সারিতে সাজানো হয়। ঐ স্কুলে ন্যূনতম কতজন ছাত্র রয়েছে?**
ক. ১৪০ খ. ৯৬
গ. ৮০ ঘ. ১২০

উত্তর: ঘ ব্যাখ্যা: ৮, ১০, ১৫ এর ল.সা.গু.

২ | ৮, ১০, ১৫
৫ | ৮, ৫, ১৫
  ৪, ১, ৩

নির্ণেয় ল.সা.গু. = ২×৫×৪×৩ = ১২০

**৫৩. 'Please bring me a cup of tea' What kind of sentence is this?**
ক. imperative খ. assertive
গ. optative ঘ. interrogative

উত্তর: ক ব্যাখ্যা: Imperative Sentence দ্বারা আদেশ, নিষেধ, অনুরোধ প্রকাশ পায়।

**৫৪. কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?**
ক. $\frac{৪}{২৭}$ খ. $\frac{৭}{৩৬}$
গ. $\frac{১১}{৪৫}$ ঘ. $\frac{২}{৯}$

উত্তর: ক ব্যাখ্যা:
$\frac{৪}{২৭}$ = ০.১৪, $\frac{৭}{৩৬}$ = ০.১৯, $\frac{১১}{৪৫}$ = ০.২৪, $\frac{২}{৯}$ = ০.২২

উক্ত ফলাফলসমূহের মধ্যে $\frac{৪}{২৭}$ = ০.১৪ ফলাফল ক্ষুদ্রতম।

**৫৫. এইচ.আই.ভি কী?**
ক. ছত্রাক খ. ব্যাকটেরিয়া
গ. সায়ানো ব্যাকটেরিয়া ঘ. ভাইরাস

উত্তর: ঘ ব্যাখ্যা: HIV (Human Immunodeficiency Virus) হলো এক ধরনের ভাইরাস যার সংক্রমণে মানবদেহের রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট হয়ে যায়, ফলে নানা সংক্রামক রোগ ও কয়েক রকম ক্যান্সারে আক্রান্ত হয়ে রোগী মৃত্যুর মুখে ঢলে পড়ে। এইডস রোগের কারণ হলো HIV ভাইরাসের সংক্রমণ।

**৫৬. নানান দেশের নানান ভাষা বিনে স্বদেশী ভাষা, পুরে কি আশা' -পঙক্তিটির রচয়িতা কে?**
ক. আব্দুল হাকিম খ. অতুল প্রসাদ সেন
গ. রামনিধি গুপ্ত ঘ. শেখ ফজলুল করিম

উত্তর: গ ব্যাখ্যা: রামনিধি গুপ্ত বাংলা টপ্পা গানের জনক। তাঁর রচিত উল্লিখিত পঙক্তিটি দেশাত্মবোধক ও গণজাগরণমূলক সঙ্গীত, যা তাঁকে অমর করে রেখেছে। দুর্গাদাস লাহিড়ী সম্পাদিত 'বাঙালির গান' নামক গ্রন্থে তাঁর রচিত ৪৫০টি গান সংকলন করেন।

**৫৭. বাংলা ভাষায় যতি চিহ্ন প্রচলন করেন কে?**
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. দীনবন্ধু মিত্র
গ. কালীপ্রসন্ন সিংহ ঘ. রাজা রামমোহন রায়

উত্তর: ক ব্যাখ্যা: বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তাঁর প্রথম প্রকাশিত গ্রন্থ 'বেতালপঞ্চবিংশতি'তে (১৮৪৭) প্রথম বিরামচিহ্নের সফল ব্যবহার করেন। তাঁর রচিত কয়েকটি মৌলিক গ্রন্থ: প্রভাবতী সম্ভাষণ, বহুবিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক বিচার, বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব, অতি অল্প হইল, আবার অতি অল্প হইল। অনুবাদ গ্রন্থ: ভ্রান্তিবিলাস, সীতার বনবাস, শকুন্তলা। বিদ্যাসাগর রচিত 'আত্মজীবনী' বাংলা গদ্যের প্রথম আত্মচরিত।

**৫৮. Antonym of 'tedious' is :**

ক. tiresome খ. refreshing
গ. boring ঘ. monotonous

উত্তর✓ খ ব্যাখ্যা Tedious অর্থ ক্লান্তিকর এবং এর বিপরীত শব্দ হচ্ছে Refreshing যার অর্থ প্রফুল্লকর।

**৫৯. ক, খ ও গ একত্রে ব্যবসা করে ১২০০ টাকা লাভ করে। যদি ক, খ ও গ এর মূলধনের অনুপাত ৩ : ৪ : ৮ হয় তবে 'ক' কত লভ্যাংশ পাবে?**

ক. ২৪০ খ. ২৩০
গ. ২৫০ ঘ. ২২০

উত্তর✓ ক ব্যাখ্যা অনুপাতগুলোর যোগফল (৩+৪+৮)= ১৫

ক এর লভ্যাংশ (১২,০০ এর $\frac{৩}{১৫}$ )= ২৪০ টাকা

**৬০. Which one is correct?**

ক. Descripline খ. Committee
গ. Resturant ঘ. Lieutenant

উত্তর✓ ঘ ব্যাখ্যা Lie-u-ten-ant : মিথ্যা-তুমি-দশ-পিঁপড়া- এইভাবে বানান মনে রাখা সহজ।

**৬১. ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত?**

ক. ৬% খ. ৫%
গ. ১০% ঘ. ১২%

উত্তর✓ গ ব্যাখ্যা ধরি,
সুদের হার r%
প্রশ্নমতে,

$$\frac{৫০০\times৪\times r}{১০০}+\frac{৬০০\times৫\times r}{১০০}=৫০০$$

$\Rightarrow ২০r+৩০r=৫০০$

$\Rightarrow ৫০r=৫০০$

$\Rightarrow r=\frac{৫০০}{৫০}=১০\%$

**৬২. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১৬০০ বর্গমিটার। এর পরিসীমা কত?**

ক. ২০০ খ. ১৭২
গ. ১৮০ ঘ. ১৬০

উত্তর✓ ঘ ব্যাখ্যা ধরি,
বর্গের এক বাহুর দৈর্ঘ্য a মিটার
প্রশ্নমতে,
$a^2=১৬০০$

$\Rightarrow a=\sqrt{১৬০০}=৪০$

∴ পরিসীমা = ৪ × বাহুর দৈর্ঘ্য = ৪ × ৪০= ১৬০ মিটার

**৬৩. মুক্তিযুদ্ধের ছয় নম্বর সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন?**

ক. উইং কমান্ডার এম কে বাশার খ. মেজর কাজী নুরুজ্জামান
গ. মেজর এম আবদুল জলিল ঘ. মেজর কে এম শফিউল্লা

উত্তর✓ ক ব্যাখ্যা

| সেক্টর কমান্ডার | সেক্টর |
|---|---|
| উইং কমান্ডার এম কে বাশার | ৬নং সেক্টর |
| মেজর কাজী নুরুজ্জামান | ৭ নং সেক্টর |
| মেজর এম আবদুল জলিল | ৯ নং সেক্টর |
| মেজর কে এম শফিউল্লাহ | ৩ নং সেক্টর |

**৬৪. কোন বছরে একটি গ্রামের লোকসংখ্যা ১৫% বাড়ে। বছরের শেষে লোকসংখ্যা ৬৯০০ হলে বছরের শুরুতে লোকসংখ্যা কত ছিল?**

ক. ৫৭০০ খ. ৫৫০০
গ. ৬৩০০ ঘ. ৬০০০

উত্তর✓ ঘ ব্যাখ্যা পূর্বের লোকসংখ্যা = $\frac{P}{(1+\frac{r}{100})^n}$

এখানে P= ৬৯০০ r=১৫% n=১

$$=\frac{৬৯০০}{(১+\frac{১৫}{১০০})}$$

$$=\frac{৬৯০০}{\frac{১০০+১৫}{১০০}}$$

$$=৬৯০০\times\frac{১০০}{১১৫}$$

=৬০০০ জন

**৬৫. $(x-2)(x-3)<0$ এর সমাধান সেট কত?**

ক. $x<3$ খ. $x>2$
গ. $2<x<3$ । ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ ব্যাখ্যা যদি (x–3) এবং (x–2) এর একটি ধনাত্মক এবং অপরটি ঋণাত্মক হয়,
তখন

$(x-3)<o$
$x-3+3<+3$
$\Rightarrow x<3$

$-(x-2<0)$
$\Rightarrow x-2>0$ –1দ্বারা গুণ করে পাই
$\Rightarrow x-2+2>2$
$\Rightarrow x>2$

নির্ণেয় সমাধান: $2<x<3$ [2 এর চেয়ে বড় কিন্তু 3 এর চেয়ে ছোট মান হলো 2.5]

অপরদিকে,
যদি (x–3) ঋণাত্মক এবং (x–2) ধনাত্মক হয়

$-(x-3)<0$
$\Rightarrow x-3>0$ [–1 দিয়ে গুণ করে পাই]
$\Rightarrow x-3+3>3$
$\Rightarrow x>3$

$x-2<0$
$x-2+2<2$
$x<2$

নির্ণেয় সমাধান: $3<x<2$ যা অসমতাকে অসত্য করে।
তাই নির্ণেয় সমাধান সেট: $2<x<3$

**৬৬. কোথায় বাংলাদেশ, ভারত ও মিয়ানমারের সীমান্ত পরস্পরকে ছুঁয়েছে?**

ক. খাগড়াছড়ি খ. বান্দরবান
গ. সিলেট ঘ. রাঙ্গামাটি

উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩২ টি। ভারতের সাথে সীমান্তবর্তী জেলা ৩০টি। মিয়ানমারের সাথে সীমান্তবর্তী জেলা ৩ টি। রাঙামাটি, বান্দরবান ও কক্সবাজার। এর মধ্যে রাঙামাটি জেলা ভারত ও মিয়ানমারের সাথে একমাত্র সীমান্তবর্তী জেলা।

**৬৭. Degree : Temperature–**

ক. Time : Length খ. Ounce : Weight
গ. Fathom : Volume ঘ. Mass : Energy

উত্তর✓ খ ব্যাখ্যা Temperature মাপার একক Degree এবং Weight মাপার একক Ounce।

**৬৮. একটি ত্রিভুজের একটি কোণ যদি ২য় কোণের তিনগুণ এবং ৩য় কোণ যদি ২য় কোণের চেয়ে ৩০ ডিগ্রি বড় হয় তবে কোণটি কত ডিগ্রি?**

ক. ৬০ খ. ৫০
গ. ৪৫ ঘ. ৩০

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ধরি,
২য় কোণ = x°
৩য় কোণ = x+৩০°
১ম কোণ = ৩x°
আমরা জানি,
ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০°
⇒x+৩x+x+৩০° = ১৮০°
⇒৫x = ১৮০° − ৩০° = ১৫০° ∴ ১ম কোণ (৩ × ৩০)° বা ৯০°
⇒x = ১৫০°/৫ = ৩০° 	২য় কোণ ৩০°
৩য় কোণ ৬০°
∴ কোণটি x = ৩০°

**৬৯. 'কর্বুর' শব্দের অর্থ–**

ক. করণীয় খ. রাক্ষস
গ. গন্ধদ্রব্যবিশেষ ঘ. রাসায়নিক পদার্থ উত্তর গ

**৭০. ভবন নির্মাণের সময় কি মেনে চলা বাধ্যতামূলক?**

ক. বিল্ডিং অধ্যাদেশ খ. বিল্ডিং কোড
গ. ভবন অনুনিয়ম ঘ. ভবন আইন উত্তর খ

**৭১. জুলিও কুরি একজন বিশ্ববিখ্যাত–**

ক. শিল্পী খ. সাহিত্যিক
গ. কবি ঘ. বৈজ্ঞানিক

উত্তর ✓ ঘ ব্যাখ্যা জুলিও কুরির প্রকৃত নাম আইরিন জুলিও কুরি। তিনি ফরাসি বিজ্ঞানী ছিলেন। তিনি নোবেল বিজয়ী মারিয়া কুরি ও পিয়েরও কুরি দম্পতির কন্যা এবং ফ্রেদেরিক জুলিও কুরির স্ত্রী ছিলেন। তিনি এবং তাঁর স্বামী যৌথভাবে কৃত্রিম তেজস্ক্রিয় পদার্থ আবিষ্কারের ফলে ১৯৩৫ সালে রসায়নে নোবেল পুরস্কার পান।

**৭২. খোকন ও মন্টুর আয়ের অনুপাত ৯ : ৪। খোকনের আয় ৯০ টাকা হলে মন্টুর আয় কত?**

ক. ৪৮ খ. ৬৫
গ. ৪০ ঘ. ৬০

উত্তর ✓ গ ব্যাখ্যা ধরি,
মন্টুর আয় x টাকা
∴খোকন:মন্টু = ৯০:x
⇒ ৯:৪ = ৯০: x
⇒৯/৪ = ৯০/x
⇒৯x = ৯০×৪
⇒x = (৯০×৪)/৯ = ৪০ টাকা

**৭৩. 'ভূষণ্ডীর কাক' বাগধারাটির অর্থ–**

ক. অনভিজ্ঞ ব্যক্তি
খ. দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি
গ. বিশেষজাতের কাক
ঘ. ভূষণ্ডী নামক স্থানের নাম উত্তর খ

**৭৪. 'রয়টার্স' কী?**

ক. একটি পত্রিকা খ. নেতার সংস্থা
গ. ক্লাব ঘ. সংবাদ সংস্থা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Reuters (রয়টার্স) ব্রিটেন ভিত্তিক একটি সংবাদ সংস্থা। এর প্রতিষ্ঠাতা পল জুলিয়াস রয়টার্স। প্রতিষ্ঠিত হয় ১৮৫১ সালে। রয়টার্সের সদর দপ্তর লন্ডনে অবস্থিত।

**৭৫. Which one is correct form of "Who gave you this pen?"**


ক. By whom have you been given this pen?
খ. By whom were you got this pen?
গ. By whom were you given this pen?
ঘ. By whom was you given this pen?

উত্তর ✓ গ ব্যাখ্যা Active - এ who থাকলে Passive - এ By whom হবে।

**৭৬. ১, ৩, ৬, ১০, ১৫, ২১ .... ধারাটির একাদশতম পদ কত?**

ক. ৬৬ খ. ৫৬
গ. ৪৬ ঘ. ৭৬

উত্তর ✓ ক ব্যাখ্যা




**৭৭. কোনটি সন্ধিজাত শব্দ?**

ক. উন্মনা খ. দখিনা হাওয়া
গ. মিনতি ঘ. ফাল্গুন উত্তর ক

**৭৮. তার বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি। – কোন ধরনের বাক্য?**

ক. যৌগিক খ. মিশ্র
গ. সরল ঘ. জটিল

উত্তর ✓ ক ব্যাখ্যা যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি প্রভৃতি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে। যেমন: তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি। উদয়াস্ত পরিশ্রম করব, তথাপি অন্যের দ্বারস্থ হব না।

**৭৯. Choose the correct sentence–**

ক. The matter has been informed by the police
খ. The matter was informed by the police
গ. The police were informed of the matter
ঘ. The police informed of the matter

উত্তর ✓ গ ব্যাখ্যা Inform sb of (something)।

**৮০. $a + b = 11, a - b = 7$ হলে ab = কত?**

ক. 15 খ. 16
গ. 18 ঘ. 12

উত্তর ✓ গ ব্যাখ্যা আমরা জানি,

$$ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$$
$$= \left(\frac{11}{2}\right)^2 - \left(\frac{7}{2}\right)^2$$
$$= \frac{121}{4} - \frac{49}{4}$$
$$= \frac{121-49}{4}$$
$$= \frac{72}{4}$$
$$\therefore ab = 18$$